

## প্রাণুজনের কণ্ঠস্বরঃ রেডিও সাগরগিরি' ৯৯.২ এর যাত্রা হলো শুরু

মোঃ মাহাবুবর রহমান

বর্তমান যুগ তথ্যের যুগ। তথ্যই হলো শক্তি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে কাজে লাগিয়ে উন্নয়নশীল বিশ্বের বিভিন্ন দেশ ও অঞ্চলে কমিউনিটি রেডিও'র সম্প্রচারের মাধ্যমে উন্নয়নের নতুন সম্ভাবনা সৃষ্টি হয়েছে। বাংলাদেশেও সে তথ্যপ্রযুক্তি ও যোগাযোগের সু বাতাস বইছে। বাংলাদেশ তথ্য মন্ত্রণালয় দেশব্যাপী কমিউনিটি রেডিও স্থাপনের ভূমিকায় অংশ নিয়েছে। কেননা একটি শক্তিশালী গণ মাধ্যম হিসেবে কমিউনিটি রেডিও জনগোষ্ঠীকে জনগণের দোরগোড়ায় প্রবেশাধিকারের সুযোগ সৃষ্টি করে দিয়েছে। সুবিধা বর্ধিত প্রান্তিক মানুষের ভাষা প্রকাশের অনন্য মাধ্যম এ কমিউনিটি রেডিও। তুণমূল পর্যায়ে জনগোষ্ঠীর মতামত ও সিদ্ধান্ত প্রকাশের পথ উন্মুক্ত করে তথ্য প্রকাশের অধিকার নিশ্চিত করবে এই কমিউনিটি রেডিও। আজকের দিনের কমিউনিটি রেডিও'র যে অগ্রগতি এর ইতিহাস অর্ধ শতাব্দীর পুরনো। যার উৎপত্তি হয়েছিল ল্যাটিন আমেরিকায়। সাধারণ অর্থে কমিউনিটি রেডিও হচ্ছে একটি ছোট মাপের বেতার কেন্দ্র যা একটি নির্দিষ্ট ভৌগোলিক সীমা রেখার মাধ্যমে সম্প্রচার কার্যক্রম পরিচালনা হয়ে থাকে। তবে ট্রান্সমিটারের শক্তির মাত্রার পার্থক্যের কারণে এর সম্প্রসারণ এক কিলোমিটার থেকে সারা দেশব্যাপী প্রচার করা সম্ভব। এমন কি ওয়েভের মাধ্যমে বিশ্বব্যাপীও প্রচার সম্ভব। যার কারণে কমিউনিটি রেডিও কে নানাভাবে নামকরণ করা হয়েছে। যেমন গ্রামীণ বেতার, সর্বময় বেতার, মুক্ত বেতার, বিকল্প বেতার, শিক্ষামূলক বেতার ইত্যাদি।

যোগাযোগ বিজ্ঞানী জোস ইগনেসিও লোপেজ ভিজল ১৯৯৭ সালে কমিউনিটি রেডিও'র একটি সংজ্ঞা দিয়েছেন এভাবে 'যখন একটি রেডিও জনগণের অংশগ্রহণকে নিশ্চিত করে, তাদের চাওয়া পাওয়ার প্রতিফলন ঘটায়, তাদের আশা আকাঙ্ক্ষার প্রধান উদ্দেশ্য হিসেবে দেখে, সত্যতার সঙ্গে তথ্য প্রদান, প্রতিদিন অন্তত একটা করে সমস্যার গভীরতার প্রতিফলন ব্যক্ত করে এবং এভাবে একটি নির্দিষ্ট জনগোষ্ঠীর

জীবন ঘনিষ্ঠ হাজারো সমস্যার সমাধানে বাণিজ্যিক স্বার্থের উর্ধ্বে থেকে জনগণের সংস্কৃতির মূল্যবোধের প্রচার করে এবং সব ধরনের বৈষম্য ও প্রতিবন্ধকতার উর্ধ্বে উঠে সকলের কণ্ঠস্বর প্রতিধ্বনিত হতে থাকে এমন একটি প্রক্রিয়া বেতার ব্যবস্থার নাম কমিউনিটি রেডিও।'

তথ্যে গ্রামীণ জনগণের প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য দরকার বিকেন্দ্রীকরণ সম্প্রচার ব্যবস্থা। বর্তমানে দেশে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় বিভিন্ন সম্প্রচার ব্যবস্থা রয়েছে কিন্তু আমরা যদি দেখি অনুষ্ঠানগুলি কতটুকু গ্রামীণ জনগণের চাহিদা বা আশা আকাঙ্ক্ষা পূরণ করে ও বিষয়ে একটি জিজ্ঞাসা থেকে যায়- তথ্যে গ্রামীণ জনগণের প্রবেশাধিকার নিশ্চিত কতটুকু? মূলত সম্প্রচার ব্যবস্থাপনা যত বেশি গ্রামীণ জনপদের কাছাকাছি প্রতিষ্ঠিত হবে সেখানে ততবেশি গ্রামীণ সমাজের অংশগ্রহণ ও প্রবেশাধিকার নিশ্চিত করা সম্ভব হবে। সাথে সাথে গ্রামীণ উন্নয়নের সূচকও বৃদ্ধি পাবে।

বিভিন্ন দেশের কমিউনিটি রেডিও'র কার্যক্রম বিশ্লেষণ করে ইউনেস্কো সুনির্দিষ্টভাবে কয়েকটি বিষয়ে কাজকে স্বীকৃতি দিয়েছে-

# স্থানীয় সাংস্কৃতিক বৈশিষ্ট্য ও নিজস্বতার প্রচার ও প্রসার ঘটাতে সাহায্য করে।

# নানা পথ ও মতের মানুষের ধ্যান ধারণা প্রচার করে তাদের মতামত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করে।

# অনুষ্ঠান ও বিষয়বস্তুকে বৈচিত্র্যময় করে তুলে ধরে।

# পুরো সমাজের ভূমিকাকে কার্যকর করতে সহায়তা করে।

# অংশগ্রহণ তথ্য বিনিময় ও উদ্ভাবনাকে উৎসাহিত করে।

# ভাষাধীনকে কথা বলার সুযোগ করে দেয়।

# সম্প্রচার মাধ্যমের জন্য দক্ষ মানব সম্পদ গড়ে তোলার ক্ষেত্রে অবদান রাখে।

# অংশগ্রহণ তথ্য বিনিময় ও উদ্ভাবনকে উৎসাহিত করে।

বিশ্বের অনেক দেশেই কমিউনিটি রেডিও ব্যবহার করে

সুশাসনে জনগণকে সম্পৃক্ত করার পাশাপাশি সমাজের প্রান্তিক জনগোষ্ঠীকে সিদ্ধান্ত গ্রহণের উপযুক্ত করার প্রয়াস লক্ষ্য করা গেছে। জনস্বার্থে বেতারের ভূমিকাকে কাজে লাগানোর ক্ষেত্রে ফ্রান্স, কানাডা, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার বহু দেশ এবং দক্ষিণ পূর্ব এশিয়ার শ্রীলংকা ও নেপালেও কমিউনিটি রেডিও ব্যবহার হচ্ছে। বাংলাদেশও যোগাযোগ ও তথ্য প্রযুক্তির যথার্থ ব্যবহারে ও প্রবেশাধিকারে উন্নয়নের সে মিলন মেলায় মিলিত হচ্ছে।

ইপসা ১৯৮৫ সাল থেকে তুণমূল জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়ন ও পরিবর্তনের লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। তথ্য প্রযুক্তির আধারী বিস্তৃত কার্যক্রম গ্রহণ করতে গিয়ে ইপসা রেডিও সাগরগিরির সূচনা ও কার্যক্রম গ্রহণ করে। এই স্টেশন গ্রামীণ জনগোষ্ঠীর অংশগ্রহণের মাধ্যমে তাদের নিজস্ব ভাষায় নিজস্ব মতামত প্রকাশের মাধ্যমে বিভিন্ন সমস্যা প্রচার করবে ও যাত্রা সরকারি প্রশাসনের নজরে আসবে কার্যকরও ইতিবাচক সমাধানের পথ সুগম হবে। এছাড়া এই রেডিও বিভিন্ন উন্নয়নভিত্তিক তথ্য প্রচার করবে। ২০১১ সালে বেসরকারি সমাজ উন্নয়ন সংস্থার ইপসা সীতাকুণ্ডে রেডিও সাগরগিরি এফএম ৯৯.২ পরীক্ষামূলক সম্প্রচার শুরু করেছিল যা ২৪ শে মার্চ ২০১২ তারিখে আনুষ্ঠানিক সম্প্রচারের জন্য শুভ উদ্বোধন হচ্ছে। যা বৃহত্তর চট্টগ্রামে সর্বপ্রথম কমিউনিটি রেডিও সাগরগিরি এফএম ৯৯.২, বর্তমানে ১৭ কি:মি: ট্রান্সফরমার থেকে চতুর্দিকে সম্প্রচার হবে। যা এ অঞ্চলে প্রান্তিক বৃক্ষপূর্ণ জনগোষ্ঠী তথা প্রতিবন্ধী, জেলে সম্প্রদায়, ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী, কিশোর-কিশোরী ও যুব সমাজের উন্নয়নমূলক বিভিন্ন অনুষ্ঠান তৈরি ও সম্প্রচার করবে। সর্বোপরি স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও শিক্ষা, সামাজিক প্রতিষ্ঠান এবং সরকারি ও বেসরকারি সেবাসমূহের সমন্বয় ও সহযোগিতার তথ্য অধিকার নিশ্চিতকরণে নিরন্তরভাবে কাজ করবে।

লেখকঃ পরিচালক (ফিল্ড অপারেশন) ইপসা।